গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ৩৯/২০১৭-১৮

ঢাকা, সোমবার ২৮ আগস্ট ২০১৭, ১৩ ভাদ্র ১৪২৪

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সব শিল্প প্রতিষ্ঠানকে কল্যাণ তহবিলের আওতায় আনা হবে : প্রধানমন্ত্রী

২। বাংলাদেশি নাবিকদের কর্মসংস্থানে আইএমও'র সহায়তার আহ্বান প্রধানমন্ত্রীর

৩। অভিনেত্রী আনোয়ারাকে প্রধানমন্ত্রীর ৩০ লাখ টাকা আর্থিক সহায়তা প্রদান

৪। ২৪ ঘন্টার মধ্যে সড়ক সংস্কারের নির্দেশ সড়ক পরিবহণমন্ত্রীর

৫। বন্যাদুর্গত এলাকায় চিকিৎসায় গাফিলতি সহ্য করা হবে না : স্বাস্থ্যমন্ত্রী

৬। কাতার সংকট এলএনজি আমদানিতে প্রভাব ফেলবে না : বাণিজ্যমন্ত্রী

৭। পিআইবি-এটুআই গণমাধ্যম পুরস্কার পেলেন ৭ সাংবাদিক

৮। জেনেভায় মানবাধিকার কাউন্সিলে রোহিঙ্গা পরিস্থিতি তুলে ধরবে বাংলাদেশ

৯। ঈদের ছুটিতে নিরবচ্ছিন্ন এটিএম সেবা দিতে বাংলাদেশ ব্যাংকের নির্দেশ

১০। ঈদে চামড়া সন্ত্রাস রোধে হার্ড লাইনে আইনশৃঙ্খলা বাহিনী

**১।	সব শিল্প প্রতিষ্ঠানকে কল্যাণ তহবিলের আওতায় আনা হবে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, কর্মক্ষেত্রে নিহত এবং আহত শ্রমিক পরিবারের সদস্যদের সহযোগিতার জন্য সব প্রস্তুতকারক এবং রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠানকে শ্রম এবং কর্মসংস্থান মন্ত্রণালয়ের কেন্দ্রীয় কল্যাণ তহবিলের আওতায় আনা হবে। প্রধানমন্ত্রী বলেন, 'আমরা ইতোমধ্যেই সব গার্মেন্ট শিল্প প্রতিষ্ঠানকে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের কেন্দ্রীয় তহবিলের আওতায় আনার জন্য বাণিজ্য মন্ত্রণালয়কে নির্দেশ দিয়েছি। প্রধানমন্ত্রী গতকাল ২৭ আগস্ট রোববার তাঁর কার্যালয়ে কর্মক্ষেত্রে নিহত ও পঙ্গু শ্রমিকদের পরিবারের সদস্যদের মাঝে তৈরি পোশাক শিল্পের তহবিল থেকে ক্ষতিপূরণের চেক প্রদানকালে এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৭)।

**২।	বাংলাদেশি নাবিকদের কর্মসংস্থানে আইএমও'র সহায়তার আহ্বান প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা অধিক সংখ্যক বিদেশি জাহাজে বাংলাদেশি নাবিকদের কর্মসংস্থানের জন্য ইন্টারন্যাশনাল মেরিটাইম অর্গানাইজেশনের (আইএমও) সহায়তা চেয়েছেন। সফররত আইএমও'র মহাসচিব কিতক লিম গতকাল ২৭ আগস্ট রোববার প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করতে গেলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ সহায়তার আহ্বান জানান। কিতক লিম বাংলাদেশি নাবিকদের প্রশংসা করে বলেন, আইএমও'র বি-ক্যাটাগরির সদস্য বাংলাদেশ সংস্থাটিতে ভালো করছে এবং এ খাতে এ দেশের অনেক সম্ভাবনা রয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১৬,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

**৩।	অভিনেত্রী আনোয়ারাকে প্রধানমন্ত্রীর ৩০ লাখ টাকা আর্থিক সহায়তা প্রদান**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা অভিনেত্রী আনোয়ারা বেগমের প্রতি সাহায্যের হাত বাড়িয়ে দিলেন। স্বামীর অসুস্থতার কারণে আনোয়ারা দুর্দশার মধ্যে জীবনযাপন করছিলেন। তার দুর্দশার কথা জানতে পেরে প্রধানমন্ত্রী গতকাল ২৭ আগস্ট রোববার গণভবনে তাকে ৩০ লাখ টাকা আর্থিক সহায়তা প্রদান করেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **সমকাল** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.১), **অবজারভার** (পৃ.১৬,ক.৮)।

**৪।	২৪ ঘণ্টার মধ্যে সড়ক সংস্কারের নির্দেশ সড়ক পরিবহণমন্ত্রীর**

ঈদযাত্রা স্বস্তিদায়ক করতে চব্বিশ ঘণ্টার মধ্যে দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ১৫ জেলার সব জাতীয় ও আঞ্চলিক মহাসড়ক চলাচলের উপযোগী করার নির্দেশ দিলেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেন, দেশের সব মহাসড়ক দিয়ে মানুষ যাতে নির্বিঘ্নে যাতায়াত করতে পারে সেজন্য রাত-দিন কাজ করতে হবে সংশ্লিষ্ট প্রকৌশলী ও ঠিকাদারদের। গতকাল ২৭ আগস্ট রোববার যশোর সার্কিট হাউসের সম্মেলন কক্ষে সড়ক ও জনপথ বিভাগের খুলনা এবং ঢাকা বিভাগের নির্বাহী প্রকৌশলীদের সঙ্গে মতবিনিময়কালে মন্ত্রী এ নির্দেশ দেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৬), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫)।

**৫।	বন্যাদুর্গত এলাকায় চিকিৎসায় গাফিলতি সহ্য করা হবে না : স্বাস্থ্যমন্ত্রী**

বন্যাদুর্গত এলাকায় চিকিৎসা ও ওষুধ সরবরাহে কোনো গাফিলতি সহ্য করা হবে না বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। গতকাল ২৭ আগস্ট রোববার সচিবালয়ে জাতীয় স্বাস্থ্য কাউন্সিলের প্রস্তুতিমূলক সভায় বন্যাকবলিত এলাকায় নিয়োজিত মেডিকেল টিমের সদস্যদের উদ্দেশ্য করে তিনি বলেন, দুর্গত এলাকায় আশ্রয়কেন্দ্রগুলো নিয়মিত পরিদর্শন করতে হবে। সম্ভব হলে বাড়ি বাড়ি গিয়ে সেবা দেওয়ার উদ্যোগ নিতে হবে। স্বাস্থ্যমন্ত্রী বলেন, বন্যাকবলিত এলাকায় এরই মধ্যে পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট, খাবার স্যালাইনসহ প্রয়োজনীয় ওষুধ পর্যাপ্ত পরিমাণে পাঠানো হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.১)।

৬। কাতার সংকট এলএনজি আমদানিতে প্রভাব ফেলবে না : বাণিজ্যমন্ত্রী

কাতার সংকটের প্রভাবে দেশে তরল প্রাকৃতিক গ্যাস (এলএনজি) আমদানি ব্যাহত হবে না। চুক্তি অনুযায়ী নির্দিষ্ট সময়েই গ্যাস পাওয়া যাবে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। গতকাল ২৭ আগস্ট রোববার সচিবালয়ে কাতারের রাষ্ট্রদূত আহমেদ মোহামেদ আল-দেহিমির সঙ্গে বৈঠক শেষে এ কথা বলেন বাণিজ্যমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৬), **সংবাদ** (পৃ.১৪,ক.১), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১),

৭। পিআইবি-এটুআই গণমাধ্যম পুরস্কার পেলেন ৭ সাংবাদিক

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, স্বাধীনতাবিরোধী শক্তি নির্বাচনের নামে গণতন্ত্রের লাইসেন্স (বৈধতা) পেতে পারে না। গণতন্ত্রের রাজনীতিতে অপরাধী এবং দেশবিরোধীদের কোনো স্থান নেই। গতকাল ২৭ আগস্ট রোববার বাংলাদেশ প্রেস ইনস্টিটিউটের (পিআইবি) সম্মেলনকক্ষে 'পিআইবি-এটুআই গণমাধ্যম পুরস্কার-২০১৭' বিতরণ অনুষ্ঠানে তথ্যমন্ত্রী এসব কথা বলেন। পিআইবি ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের অ্যাকসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম যৌথভাবে এ পুরস্কার দিয়েছে। সূত্র-**প্রথম আলো** (পৃ.৪,ক.৫), **সংবাদ** (পৃ.১৫,ক.৩), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.১)।

৮। জেনেভায় মানবাধিকার কাউন্সিলে রোহিঙ্গা পরিস্থিতি তুলে ধরবে বাংলাদেশ

জেনেভায় মানবাধিকার কাউন্সিলে রোহিঙ্গা পরিস্থিতি জোরালোভাবে তুলে ধরবে বাংলাদেশ। মানবাধিকার কাউন্সিলের ইউনিভার্সাল পিরিওডিক রিভিউতে (ইউপিআর) এ বিষয়ে মতামত দেওয়া হবে বলে জানিয়েছেন পররাষ্ট্র সচিব এম শহীদুল হক। গতকাল ২৭ আগস্ট রোববার সরকারি কর্মকর্তাদের জন্য আয়োজিত ইউপিআর বিষয়ক এক কর্মশালায় তিনি এসব তথ্য জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

৯। ঈদের ছুটিতে নিরবচ্ছিন্ন এটিএম সেবা দিতে বাংলাদেশ ব্যাংকের নির্দেশ

আসন্ন ঈদুল আজহার ছুটিতে এটিএম বুথ, মোবাইল ব্যাংকিং, পস, ই-পেমেন্ট গেটওয়ের মাধ্যমে নিরবচ্ছিন্ন সেবা দেওয়ার নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। এসব ক্ষেত্রে কোনো কারিগরি ত্রুটি দেখা দিলে দ্রুততম সময়ের মধ্যে তা নিরসন করতে হবে। কোনো অবস্থাতেই গ্রাহকরা যেন হয়রানির শিকার না হন, সে বিষয়ে ব্যাংকগুলোকে সতর্ক করা হয়েছে। গতকাল ২৭ আগস্ট রোববার এ সংক্রান্ত একটি সার্কুলার ব্যাংকগুলোর প্রধান নির্বাহীদের কাছে পাঠানো হয়। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১২,ক.১)।

১০। ঈদে চামড়া সন্ত্রাস রোধে হার্ড লাইনে আইনশৃঙ্খলা বাহিনী

পবিত্র ঈদ-উল-আজহা সামনে রেখে চামড়া সন্ত্রাস রোধে হার্ড লাইনে আইনশৃঙ্খলা বাহিনী। পশুর চামড়া নিয়ে যাতে সিন্ডিকেট গড়ে উঠতে না পারে সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। এ জন্য চামড়া সন্ত্রাসীদের তালিকা তৈরি করছে পুলিশ ও গোয়েন্দা সংস্থা। পশুর হাটকে ঘিরে নেওয়া হয়েছে পর্যাপ্ত নিরাপত্তা। পুলিশ সদর দফতর সূত্রে এ খবর পাওয়া গেছে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৭)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** মিয়ানমারের রাখাইন রাজ্যে মিয়ানমারের নিরাপত্তা বাহিনীর সঙ্গে রোহিঙ্গা বিদ্রোহীদের সংঘর্ষে সহিংস পরিস্থিতির শিকার রোহিঙ্গাদের বাংলাদেশে অনুপ্রবেশ ঠেকাতে মিয়ানমারের ওপর চাপ সৃষ্টিতে প্রয়োজন আঞ্চলিক ও আন্তর্জাতিক উদ্যোগ বলে মত প্রকাশ।

খ. **সংবাদ :** গ্যাসের মজুদ ক্রমেই ফুরিয়ে আসায় উদ্বেগ প্রকাশ করে এ অবস্থায় নতুন গ্যাস ক্ষেত্র অনুসন্ধান ও উত্তোলনের মাধ্যমে জ্বালানি খাতে জাতীয় সক্ষমতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ।

গ. **ভোরের কাগজ :** বন্যা ও অতি বর্ষণে সারাদেশের সড়ক-মহাসড়কগুলো বেহাল হওয়ায় তা দুর্ঘটনার কারণ হতে পারে উল্লেখ করে এ ব্যাপারে কঠোর নজরদারির ওপর গুরুত্বারোপ।

ঘ. **সমকাল :** পাটের ন্যায্যমূল্য না পাওয়ায় পাটচাষিরা পাট চাষে নিরুৎসাহিত হচ্ছে উল্লেখ করে পাটচাষিদের জন্য পর্যাপ্ত প্রণোদনা ও উপযুক্ত বাজারমূল্য প্রাপ্তি নিশ্চিত করার সুপারিশ।

ঙ. **যুগান্তর, প্রথম আলো, সমকাল, নিউ এজ :** ব্যাংকিং খাতে দুর্নীতি ও অর্থ লুটপাটের জন্য পরিচালনা পর্ষদ বহুলাংশে দায়ী বলে মনে করেন সংশ্লিষ্ট বিশেষজ্ঞরা উল্লেখ করে এ ব্যাপারে তাদের সুপারিশ আমলে নিয়ে অনিয়ম ও দুর্নীতির সঙ্গে যুক্ত, বিশেষত রাষ্ট্রায়ত্ত ব্যাংকের পরিচালকসহ অন্যদের বিরুদ্ধে কেন্দ্রীয় ব্যাংক আইনানুগ ব্যবস্থা নিবে বলে প্রত্যাশা ব্যক্ত।

চ. **ইন্ডিপেনডেন্ট :** সমুদ্র ও স্থলপথে অবৈধ মানব পাচারকারীদের শনাক্ত করে কঠোর শাস্তি দেওয়াসহ ভুক্তভোগীদের যথাযথভাবে পুনর্বাসনের ব্যবস্থা করার পাশাপাশি আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সুশীল সমাজ ও গণমাধ্যমকে এ ব্যাপারে ভূমিকা রাখার আহ্বান।

ছ. **ডেইলি সান :** বিদ্যুৎ উৎপাদন ও বিতরণ ব্যবস্থা জোরদার না হওয়ায় প্রত্যন্ত অনেক গ্রামাঞ্চলে বিদ্যুতের লোডশেডিংয়ে জনদুর্ভোগের পাশাপাশি সেসব অঞ্চলে উন্নয়নও ব্যাহত হয় বলে অভিমত।

জ. **নিউজ টুডে :** মানসম্মত শিক্ষা নিশ্চিত করার জন্য কোচিং ব্যবসা বন্ধ করতে সর্বোচ্চ প্রচেষ্টা চালানোর সুপারিশ।

ঝ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** সরকারি বড় বড় প্রকল্পের কাজ বাস্তবায়নের সমস্যা চিহ্নিত করার লক্ষ্যে কাজের তদারকি করতে জাতীয় প্রকল্প বাস্তবায়ন সংস্থায় সরকারের বাইরে বিখ্যাত বিশেষজ্ঞদের নিয়োগ দেওয়াসহ নির্দিষ্ট বাজেটে ও সময়ে প্রকল্প বাস্তবায়নে সংস্থার সিদ্ধান্ত মোতাবেক দ্রুত সংশোধনমূলক ব্যবস্থা নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

উপ-সম্পাদকীয়

ইনকিলাব পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, ঈদুল আজহার দিনে পশু কোরবানি করাই সর্বোত্তম ইবাদত।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **'সচেতনতাই পারে থ্যালাসেমিয়াকে রুখতে'** শিরোনামের নিবন্ধে থ্যালাসেমিয়া প্রতিরোধে বিয়ের আগে রক্ত পরীক্ষার প্রয়োজনীয়তা তুলে ধরতে পারলে ভবিষ্যৎ প্রজন্ম সচেতন হবে বলে অভিমত প্রকাশ করা হয়েছে।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা